রাজশাহী সিটি কর্পোরেশন
পরিবেশ শাখা
নগর ভবন, রাজশাহী
erajshahi.portal.gov.bd

রাসিক কল সেন্টার
হেল্পলাইন নম্বর-১৬১০৫

রাজশাহী সিটি কর্পোরেশনের পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির গত ২৮ ফেব্রুয়ারি ২০২৪, তারিখ ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪, রাজশাহী সিটি কর্পোরেশন।
তারিখ : ২৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. দুপুর ২.৩০ ঘটিকা, স্থানঃ সরিৎদত্ত সভা কক্ষ।
সভায় উপস্থিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সদস্যবৃন্দ নিম্নরূপ:
১। জনাব মোঃ আনোয়ার হোসেন সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪ ও সভাপতি, রাজশাহী সিটি কর্পোরেশন।
২। জনাব মোঃ শাহাদত আলী শাহু সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ ও সদস্য, রাজশাহী সিটি কর্পোরেশন।
৩। জনাব মোঃ রবিউল ইসলাম সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২০ ও সদস্য, রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আরমান আলী সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৪ ও সদস্য, রাজশাহী সিটি কর্পোরেশন।
রাজশাহী সিটি কর্পোরেশনের পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি মহানগরীর পরিবেশ উন্নয়ন, সংরক্ষণ এবং সবুজায়ন কার্যক্রম নিয়মিত সুষ্ঠভাবে পরিচালনা ও বাস্তবায়নের নিমিত্তে এ সভা আয়োজন করে। সভার আলোচনা, পর্যালোচনা, ও সুপারিশসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও প্রস্তাব | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | গত সভার পাঠ দৃঢ়করণ। | আলোচনায় পরিবেশ উন্নয়ন কর্মকর্তা ৭ম পরিষদের গঠিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির প্রথম সভার কার্যবিবরণী পাঠ করেন এবং তা দৃঢ়করণের প্রস্তাব দেন। | রাসিকের ৭ম পরিষদের গঠিত পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির প্রথম সভার সিদ্ধান্ত/সুপারিশ সমূহ সর্বসম্মতভাবে দৃঢ়করণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২ | বৃক্ষরোপণ ও পরিচর্যার সার্বিক অবস্থা পর্যালোচনা ও সিদ্ধান্ত। | পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ আনোয়ার হোসেন পরিবেশের সকল কর্মীদের নিয়মানুবর্তিতার মধ্যে থেকে নিষ্ঠার সঙ্গে নিজ কর্তব্য পালন করার জন্য বলেন। মাননীয় মেয়র জনাব এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন মহোদয়ের নেতৃত্বে পুরো রাজশাহী সবুজ ফুলের নগরী হিসেবে দেশজুড়ে পরিচিতি পেয়েছে। এই ধারা অব্যাহত রাখার জন্য তিনি কর্মীদের আরো দায়িত্বশীল ও নিষ্ঠার সাথে কাজ করতে বলেন।<br><br>এ পর্যায়ে পরিবেশ উন্নয়ন কর্মকর্তা, সৈয়দ মাহমুদ-উল-ইসলাম চলমান বৃক্ষরোপণের অগ্রগতি ও সার্বিক পরিচর্যা বিষয়ে তুলে ধরেন। তিনি বলেন, ২০২৩ সালের জুন মাস হতে সভার পূর্বদিন পর্যন্ত বিভিন্ন রাস্তার আইল্যান্ড, ফুটপাত, ত্রিভুজ চত্বরে স্থায়ী সৌন্দর্যবর্ধক গাছ প্রায় ৩৭,২১৫টি এবং শীতকালীন বিভিন্ন প্রজাতির মৌসুমী ফুল গাছের চারা প্রায় ১,৯৫,৪৫০টি রোপণ করা হয়েছে।<br><br>কোর্ট স্টেশন হতে কাশিয়াডাঙ্গা সড়কে একটি ফ্লাইওভার এবং বহরমপুর-দাশপুকুর এলাকায় একটি ফ্লাইওভার নির্মাণ কাজ শুরুর জন্য প্রকৌশল বিভাগ এবং সংশ্লিষ্ট প্রকৌশলী কর্তৃক প্রাপ্ত চিঠির মাধ্যমে উক্ত সড়কদ্বয়ের মধ্যবর্তী বিভাজকের নির্দিষ্ট স্থানের গাছ তুলে নেওয়ার জন্য বলা হয়েছে। সে মোতাবেক উপরোক্ত স্থান সমূহের গাছ উত্তোলন করে কেন্দ্রীয় উদ্যানে | বহরমপুর-কাশিয়াডাঙ্গা সড়কে ফ্লাইওভার নির্মাণের জন্য সড়ক বিভাজকের গাছগুলি তুলে নিয়ে শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যানে এবং বুলনপুর সড়ক বিভাজকের ফাঁকা স্থানে রোপণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | রাখার জন্য সুপারিশ করা হয়। শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান কেন্দ্রীয় উদ্যান ও বুলনপুর সড়ক বিভাজকের ফাঁকা স্থান সমূহে উপরোক্ত গাছগুলি রোপণ করা যেতে পারে বলে সকলে মত প্রকাশ করেন। তবে গাছ স্থানান্তরের কারনে কিছু সংখ্যক গাছ মারা যাওয়ার সম্ভাবনা থাকতে পারে।<br><br>শহীদ এ.এইচ.এম কামারুজ্জামান চত্বর হতে বিমানবন্দর সড়কের বিভাজকের বেড প্রস্তুতির কাজ শুরু হয়েছে। ইতিমধ্যে শালবাগান বিজিবি অফিস হতে পোস্টাল একাডেমির সম্মূখ পর্যন্ত কাজ সম্পন্ন হয়েছে। কাজটি চলমান আছে এবং আগামী ২০ দিনের মধ্যে কাজটি সম্পন্ন করার জন্য চেষ্টা করা হবে। মাটি প্রস্তুত করার কাজ শেষ হলে উক্ত রাস্তায় মাননীয় মেয়র স্যারের নির্দেশনা অনুযায়ী সৌন্দর্যবর্ধক গাছ রোপণ করা হবে। | |
| ৩ | বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক রাসিক বরাবর গাছ কাঁটার আবেদন প্রসংঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। | এ প্রসঙ্গে পরিবেশ উন্নয়ন কর্মকর্তা বলেন, বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক রাসিক বরাবর গাছ কাঁটার আবেদন আসে। অনেক ক্ষেত্রেই সরোজমিনে পরিদর্শনে গাছগুলি সতেজ দেখতে পাওয়া যায়। যেকোন জীবিত বড় গাছ কাঁটাকে রাজশাহী সিটি কর্পোরেশন নিরুৎসাহিত করে এবং গাছ না কাঁটার সিদ্ধান্ত নিয়ে থাকে। শুধুমাত্র ঝুঁকিপূর্ণ কিংবা মরা গাছ কাঁটার কথা বিবেচনা করা যেতে পারে।<br>এক্ষেত্রে পরিবেশ শাখায় গাছ কাঁটার জন্য কোন উপযুক্ত দক্ষ শ্রমিক কিংবা প্রয়োজনীয় হাতিয়ার নেই। কাজটি ঝুঁকিপূর্ণ হওয়ায় পরিবেশ শাখার কর্মীদের মাধ্যমে করা সম্ভব হয় না। এই বিষয়ে পরিবেশ উন্নয়ন কর্মকর্তা করণীয় বিষয়ে জানতে চান।<br>এ প্রসঙ্গে রাজশাহী সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-১ জনাব নিযাম উল আযীম বলেন, যে সকল ব্যাক্তি/প্রতিষ্ঠান গাছ কাঁটার জন্য আবেদন করে সেগুলি ঝুঁকিপূর্ণ বা মরা কিনা<br>তা সরোজমিনে গিয়ে পরিদর্শনের কথা বলেন। যেকোন জীবিত বড় গাছ না কাঁটার পক্ষে তিনি মতদেন। তবে ঝুঁকিপূর্ণ/মরা গাছ সাধারণ প্রশাসনিক শাখার মাধ্যমে নিয়ম অনুযায়ী টেন্ডার করার জন্য সুপারিশ করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় যেকল রাস্তায় ঝুঁকিপূর্ণ/মরা গাছ রয়েছে সেগুলি চিহ্নিত করার জন্য বলেন। এছাড়া তিনি আরো বলেন রাসিকের নার্সারী ও রাসিকের এ্যাসফল্ট প্লান্টে রক্ষিত ঝড়ে পড়া ও মরা গাছগুলি সাধারণ প্রশাসনিক শাখার মাধ্যমে টেন্ডার করার কথা বলেন। | যেকোন জীবিত বড় গাছ কাঁটাকে রাজশাহী সিটি কর্পোরেশন নিরুৎসাহিত করে এবং গাছ না কাঁটার সিদ্ধান্ত নিয়ে থাকে। শুধুমাত্র ঝুঁকিপূর্ণ কিংবা মরা গাছ কাঁটার আবেদনগুলি সরোজমিনে পরিদর্শন করে সাধারণ প্রশাসনিক শাখার মাধ্যমে নিয়ম অনুযায়ী টেন্ডার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪ | বিবিধ। | পরিবেশ উন্নয়ন কর্মকর্তা বলেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক প্রেরিতপত্রে বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটির সিদ্ধান্তের আলোকে বায়ুদূষণ প্রতিরোধে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের আওতাধীন এলাকায় ময়লা-আবর্জনা পৌরবর্জ্য, গাছের লতাপাতা এবং বায়োমাস উন্মুক্তভাবে পোড়ানো নিষিদ্ধ করা হয়েছে। সেই মোতাবেক জৈব আবর্জনা, গাছের লতাপাতা এবং বায়োমাস না পুড়িয়ে নির্দিষ্ট স্থানে গর্তের মধ্যে সংরক্ষণ করে জৈব সার বা কম্পোস্ট তৈরী করার পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে।<br>সভায় রাজশাহী সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-১ জনাব নিযাম উল আযীম এবং সভাপতি মহোদয় উল্লেখিত প্রেরিত পত্রের সিদ্ধান্তগুলি বাস্তবায়নের বিষয়ে সুপারিশ করেন। এছাড়া মাঠপর্যায়ের কর্মরত শ্রমিকদের রোজার মাসে কাজের সময় সকাল ৭:৩০ মিনিট হতে ৩:৩০মিনিট পর্যন্ত করার কথা বলেন। নামাজের বিরতির জন্য সময় রাখতে বলেন। এ বিষয়ে রাজশাহী সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-১ জনাব নিযাম উল আযীম এবং সভাপতি মহোদয় একমত পোষণ করেন। | (ক) বায়ুদূষণ নিয়ন্ত্রণ সংক্রান্ত জাতীয় কমিটির সিদ্ধান্ত মোতাবেক জৈব আবর্জনা, গাছের লতাপাতা এবং বায়োমাস উন্মুক্তভাবে পোড়ানো নিষিদ্ধ ঘোষণা করা হয় এবং গর্তের মধ্যে সংরক্ষণ করে জৈব সার বা কম্পোস্ট তৈরী করার পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) রমজান মাসে মাঠপর্যায়ে কর্মরত শ্রমিকদের |

| | | | |
|---|---|---|---|
| | | | কাজের সময় সকাল ৭:৩০ মিনিট হতে দুপুর ৩:৩০মিনিট পর্যন্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যাবলী সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আনোয়ার হোসেন
সম্মানিত কাউন্সিলর , ওয়ার্ড নং-১৪
ও
সভাপতি
পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন

স্বারক নং-৪৬.১২.০০০০.০০৬.০৬.০০৯.২৪ তারিখ:
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেণর করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সভাপতি/সদস্য/সদস্য ও সচিব/ সম্মানিত কাউন্সিলর/ওয়ার্ড/সংরক্ষিত আসন নং......পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশন।
২। মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী,রাজশাহী সিটি কর্পোরেশন।
৪। বাজেট কাম হিসাব রক্ষন কর্মকর্তা,রাজশাহী সিটি কর্পোরেশন।
৫। অফিস নথি।

মোঃ নূর ইসলাম
সদস্য সচিব
পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি
ও
রাজশাহী সিটি কর্পোরেশন